



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারকনং- ওএম/১০৩-সম(অংশ-৭)/২০১৩-৩০৭

তারিখ: ১২/১২/২০২০ খ্রি.

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ২০২১ শিক্ষাবর্ষে লটারির মাধ্যমে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত নির্দেশনা।

কোভিড-১৯ ভাইরাসজনিত কারণে শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০১.১১(অংশ-১)-৯৬৩; তারিখ: ১০/১২/২০২০ খ্রি. সংশ্লিষ্ট পত্রে শুধুমাত্র ২০২১ শিক্ষাবর্ষে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ১ম শ্রেণি হতে ৯ম শ্রেণি পর্যন্ত ভর্তির জন্য লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচনের সিদ্ধান্ত গৃহিত হয়েছে। ২০২১ শিক্ষাবর্ষে বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে লটারির মাধ্যমে ভর্তির আবেদন ফি ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা নির্ধারণ করা হয়েছে। ভর্তি নীতিমালা (সংশোধিত)-২০২০ অনুযায়ী বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহ নিজস্ব ব্যবস্থাপনায় ভর্তির কার্যক্রম লটারির মাধ্যমে পরিচালনা করতে পারবে। তবে তাদেরকে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে।

১. লটারির তারিখ নির্ধারণপূর্বক ভর্তি তদারকি ও পরিবীক্ষণ কমিটিকে অবহিত করতে হবে;
২. স্বাস্থ্যবিধি মেনে, সামাজিক দূরত্ব বজায় রেখে লটারি কার্যক্রম পরিচালনার ব্যবস্থা করতে হবে;
৩. লটারি কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে নীতিমালা অনুযায়ী গঠিত ভর্তি তদারকি ও পরিবীক্ষণ কমিটি, বিদ্যালয়ের ভর্তি পরিচালনা কমিটি, অভিভাবক প্রতিনিধি, ব্যবস্থাপনা কমিটির প্রতিনিধি ও শিক্ষক প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে;
৪. করোনা পরিস্থিতির কারণে জনসমাগম এড়ানোর লক্ষ্যে লটারির প্রক্রিয়াটি ফেসবুক লাইভে অথবা অন্য যে কোনো সোশ্যাল মিডিয়ায় সরাসরি প্রচারের ব্যবস্থা করতে হবে;
৫. সর্বোপরি লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়াটি যেন কোনো ভাবেই প্রশ্নবিদ্ধ না হয় তা নিশ্চিত করতে হবে।

শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বেসরকারি স্কুল-স্কুল এন্ড কলেজে মাধ্যমিক, নিম্ন মাধ্যমিক ও সংযুক্ত প্রথমিক স্তরে শিক্ষার্থী ভর্তি নীতিমালা (সংশোধিত)-২০২০ যথাযথ অনুসরণপূর্বক (প্রযোজ্য ক্ষেত্রে) ভর্তি কার্যক্রম পরিচালনা করতে হবে।

উল্লিখিত নির্দেশনাসমূহ সংশ্লিষ্ট সকলকে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


১২/১২/২০২০
(মোঃ এনামুল হক হাওলাদার)
উপপরিচালক (কলেজ-২)
ও
উপপরিচালক (মাধ্যমিক)
অতিরিক্ত দায়িত্ব
ফোন: ৯৫৬০২৬৫
dddshesecondary@gmail.com

প্রাপক,

অধ্যক্ষ/প্রধান শিক্ষক,

১। বেসরকারি নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয় (সকল)

২। বেসরকারি স্কুল এন্ড কলেজ (সকল)

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল (বিষয়টি যথাযথ বাস্তবায়নের অনুরোধসহ)

৩। জেলা প্রশাসক, সকল জেলা (বিষয়টি যথাযথ বাস্তবায়নের অনুরোধসহ)

৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল (বিষয়টি যথাযথ বাস্তবায়নের অনুরোধসহ)

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই.এম.আই.এস. সেল, মাউশি, ঢাকা (নির্দেশনাটি মাউশি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৬। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা (বিষয়টি যথাযথ বাস্তবায়নের অনুরোধসহ)

৭। উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা (বিষয়টি যথাযথ বাস্তবায়নের অনুরোধসহ)

৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা (বিষয়টি যথাযথ বাস্তবায়নের অনুরোধসহ)

৯। সংরক্ষণ নথি